



শেখ হাসিনার বিরুদ্ধে ট্রাইব্যুনাল বিচার স্বচ্ছ ও কম্প্রোমাইজবিহীন হবে: অ্যাটর্নি জেনারেল



সংগৃহীত ছবি

শেখ হাসিনার বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে চলমান মানবতা বিরোধী অপরাধের মামলার বিচার সম্পূর্ণ স্বচ্ছ হবে এবং কোনো কম্প্রোমাইজ হবে না বলে জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান। ২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত গণহত্যার এই মামলায় ইতিমধ্যেই রাষ্ট্রপক্ষের বিরুদ্ধে পাঁচ জন সাক্ষীগ্ৰহণ সম্পন্ন হয়েছে।

দেশের বেসরকারি সংবাদমাধ্যমকে দেয়া সাক্ষাৎকারে অ্যাটর্নি জেনারেল বলেন, “জাতীয় ও আন্তর্জাতিকভাবে এই বিচার নিয়ে গভীর আগ্রহ রয়েছে। এখানে ন্যায়বিচার নিশ্চিত করা হবে এবং কোনো প্রকার কম্প্রোমাইজ হবে না। যেকোনো ব্যক্তি বিচার পর্যবেক্ষণে অংশ নিতে পারবেন।”

তিনি আরও জানান, খায়রুল হকের জামিন শুনানিকে ঘিরে যে অপ্রীতিকর ঘটনা ঘটেছে তা প্রত্যাশিত ছিল না। তিনি বলেছেন, “এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।”

এক বছর ধরে অ্যাটর্নি জেনারেলের দায়িত্ব পালনকালে নিজের কাজের ওপর গুরুত্ব দিয়েছেন এবং ব্যর্থতা বা সফলতা নিয়ে বেশি ভাবেননি বলেও জানান তিনি।

